



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২২.২০.৪৪৬

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮

২৫ জুলাই ২০২১

বিষয়: মানিকগঞ্জ জেলার বেতিলা হাইস্কুল এন্ড কলেজের ৩ জন প্রভাষকের নাম এম.পি.ও তালিকা থেকে বাদ দেয়ার অভিযোগ তদন্তকরণ সংক্রান্ত।

- সূত্র: (১) মাউশির স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২২.২০.৩৪২ তারিখ : ২১/০৯/২০২০ খ্রি.
(২) স্মারক নং : মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/১৩৫৬ তারিখ : ১৩/০৪/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার বেতিলা হাইস্কুল এন্ড কলেজে নিয়ম বহির্ভূত ভাবে জ্যেষ্ঠ প্রভাষকগণসহ সম্পূর্ণ বিধিবদ্ধভাবে নিয়োগপ্রাপ্ত ০৩(তিন) প্রভাষককে নতুন এমপিওভুক্ত তালিকায় যুক্ত না করায় প্রতিষ্ঠানের শিক্ষক জনাব সাইফুল ইসলাম বকস(প্রভাষক-পৌরনীতি ও সুশাসন) ও জনাব শাহআলম(প্রভাষক-বাংলা) অভিযোগটি ১ নং সূত্রোক্ত স্মারক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তাগণ ২ নং সূত্রোক্ত স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

বর্ণিত বিষয়ে উল্লিখিত ০৩(তিন) জন শিক্ষকের প্রত্যেকের ক্ষেত্রে :(১) নিয়োগ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে ও বিধি মোতাবেক সঠিক ছিল কিনা, (২) নিয়োগ কালীন জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে এমপিওভুক্তির যোগ্য কিনা, (৩)কলেজ থেকে প্রেরণকৃত এমপিওভুক্তির আবেদনের তালিকা থেকে তাঁদের তিন জনের নাম বাদ দেয়ার অভিযোগ সঠিক কিনা, সংক্রান্ত বিষয়ে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট কোন মতামত না থাকায় অভিযোগটি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়,উল্লিখিত ৩টি বিষয়ে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন পুনরায় দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৭-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক(কলেজ-৩)

বিতরণ :

- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ